উপজেলা পরিষদ কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।

বোরহানউদ্দিন উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল কালাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা।
তারিখ : ১৭ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি. রোজ: বুধবার, সময়: সকাল ১১:৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৫২ সালের মহান ভাষা আন্দোলনের অমর শহিদদের আত্মার প্রতি এবং শহিদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১	**উপজেলা কৃষি বিভাগ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান সরকার কৃষিকে যান্ত্রিকীকরণ করার লক্ষ্যে ৭০% ভর্তুকি দিয়ে কৃষি উপকরণ/যন্ত্রপাতি কৃষকদের মাঝে বিতরণ করবেন। উক্ত যন্ত্র কৃষিক্ষেত্রে সংযোজন করা হলে কৃষিতে বৈপ্লবিক পরিবর্তন সাধিত হবে। যা বর্তমান সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ। তিনি আরও জানান, কৃষকদের নানামুখী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ের কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সংশ্লিষ্ট ব্লগের কৃষকদের সার্বিক সহযোগিতা ও পরমর্শ প্রদান করছেন। দাপ্তরিক অন্যান্য কার্মকান্ড স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	ক. মাঠ পর্যায়ে তদারকি জোরদার করতে হবে; খ. ভর্তুকি প্রদান করে যন্ত্রপাতি প্রদানের ক্ষেত্রে প্রকৃত কৃষকদের কৃষি যন্ত্রপাতি সরবরাহ করতে হবে এবং এক্ষেত্রে সর্বোচ্চ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।	উপজেলা কৃষি অফিসার
২.	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে বরাদ্দকৃত গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম আগামী জুন-২০২১ মাসের মধ্যে শেষ হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	ক. নলকূপ স্থাপন কাজের গুণগতমান সঠিক রাখতে হবে; খ. নলপূক বোরিং কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।	উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৩.	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, কোভিড-১৯ টিকার প্রদানের ২য় ধাপ গত ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ শুরু হয়েছে। ১ম ডোসের লক্ষ্যমাত্রা এখনও পৌঁছানো সম্ভব হয়নি। আগামী ২-৩ দিনের মধ্যে ১ম ডোস সম্পূর্ণ করা হবে। তিনি এই মাসের মধ্যে সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসার শিক্ষকগণ এবং আনসার ও ভিডিপি সদস্য টিকা গ্রহণ নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	ক. লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে; খ. করোনা বিষয়ে নিয়মিত স্বাস্থ্য সচেতনতামূলক প্রচার অব্যাহত রাখতে হবে; গ. সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসার শিক্ষকগণ এবং আনসার ও ভিডিপি সদস্যদের টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে।	১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ২. উপজেলা শিক্ষা অফিসার ৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ৪. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
৪.	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, সকল ইউনিয়নে ২০২১-২০২২ ভিজিডি চক্রে উপকারভোগীদের ১ম কিস্তি তথা জানুয়ারি-২০২১ মাসের চাল বিতরণ সম্পন্ন হয়েছে। ফেব্রুয়ারি-২০২১ মাসের ডিও দ্রুত ছাড় করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।	ভিজিডি চাল বিতরণ কালে সংশ্লিষ্ট ইউনিয়নে নিয়োগ প্রাপ্ত ট্যাগ অফিসারগণ অধিকতর সতর্কতার সাথে বিতরণকার্য সম্পন্ন করবেন।	১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ২. ইউপি চেয়ারম্যান (সকল)
৫	**উপজেলা মৎস্য দপ্তর** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, অবৈধ জাল ও স্থাপনা (খুঁটি) উচ্ছেদে সরকারি বরাদ্দের অপ্রতুলতা ও সীমাবদ্ধতা থাকায় তেতুলিয়া এবং মেঘনা নদীতে অভিযান পরিচালনা করা সম্ভব হচ্ছে না। তিনি আরও জানান, সমুদ্র এবং উপকূলীয় এলাকায় ৬৫ দিন (২০ মে – ২৩ জুন, ২০২১ পর্যন্ত) সকল প্রকার মৎস্য আহরণ বন্ধ ঘোষণা করেছেন সরকার। মৎস্যসম্পদ রক্ষায় জনসচেতনতা বৃদ্ধির জন্য তিনি সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।	ক. মৎস্যসম্পদ রক্ষায় অভিযান পরিচালনা ও জনসচেতনতা বৃদ্ধিতে উপজেলা পরিষদ থেকে বরাদ্দ প্রদান করা হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. সহকারী কমিশনার (ভূমি) ৩. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
৬	**উপজেলা পল্লী উন্নয়ন** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা ২. ইউপি চেয়ারম্যান (সকল)
৭	**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** একাডেমিক সুপারভাইজার জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও বলেন, মাধ্যমিক স্তরের সকল শিক্ষককে করোনা ভ্যাকসিন গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অধিকাংশ শিক্ষক ইতোমধ্যে টিকা গ্রহণ করেছেন। যারা এখন পর্যন্ত টিকা গ্রহণ করেননি তাদেরকে অবিলম্বে টিকা গ্রহণের জন্য বলা হবে।	ক. অনলাইন পাঠদান কার্যক্রম সুচারুরূপে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়; খ. যে সকল শিক্ষক এখন পর্যন্ত কোভিড-১৯ টিকা গ্রহণ করেননি তাদের আগামী ৭ দিনের মধ্যে টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
৮.	**প্রাথমিক শিক্ষা বিভাগ** প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক স্তরের সকল শিক্ষককে করোনা ভ্যাকসিন গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অধিকাংশ শিক্ষক ইতোমধ্যে টিকা গ্রহণ করেছেন। যারা এখন পর্যন্ত টিকা গ্রহণ করেননি তাদেরকে অবিলম্বে টিকা গ্রহণের জন্য বলা হবে। বিদ্যালয় খোলার বিষয়ে মন্ত্রণালয় থেকে এখন পর্যন্ত কোনো নির্দেশনা পাওয়া যায়নি। শিক্ষার্থীদের অনলাইন পাঠদান চলমান রয়েছে। শিক্ষকগণ প্রতিনিয়ত Home Visit করছেন, সাথে সাথে শিক্ষার্থীদের বাড়ির কাজ পরিদর্শন করছেন এবং শিক্ষার্থীদের সার্বিক বিষয়ে খোঁজ-খবর নিচ্ছেন। তিনি আরও জানান, প্রাথমিকের সকল শিক্ষকদের বেতন EFT এর আওতায় নিয়ে আসার লক্ষ্যে কার্যক্রম চলমান। আগামী মাসের মধ্যে সকল শিক্ষকের EFT কার্যক্রম শেষ হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।	ক. যে সকল শিক্ষক এখন পর্যন্ত কোভিড-১৯ টিকা গ্রহণ করেননি তাদের আগামী ৭ দিনের মধ্যে টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে; খ. শিক্ষার্থীদের Home Visit তদারকি করতে হবে; গ. পাঠদান কার্যক্রম যথাসম্ভব অনলাইন ভিত্তিক হতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে।	১. উপজেলা শিক্ষা অফিসার ২. প্রধান শিক্ষক (সকল)

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
৯	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সকল কর্মকর্তা/কর্মচারীদের কোভিড-১৯ টিকা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। অনেকাংশই ইতোমধ্যে টিকা গ্রহণ করেছেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন, পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি গ্রহণকারীর হার বোরহানউদ্দিন উপজেলায় অনেক কম। এর হার আরো অনেকগুণ বৃদ্ধি করতে হবে। তিনি আরও বলেন, ইউনিয়ন পর্যায়ে যার কাজ করছেন তারা সঠিকভাবে কাজ করছেন না। উন্নয়নমূলক প্রকল্প পরিদর্শনে গেলে সংশ্লিষ্ট এলাকায় তাদের খুঁজে পাওয়া যায় না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান।	ক. পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি গ্রহণের হার বৃদ্ধি করতে হবে; খ. ইউনিয়ন পরিবার পরিকল্পনা সহকারীদের সেবা প্রদান কার্যক্রম তদারকি করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
১০	**উপজেলা সমাজসেবা দপ্তর:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বয়স্কভাতা, বিধবা/স্বামী পরিত্যাক্তাভাতা, প্রতিবন্ধিভাতা এবং মুক্তিযোদ্ধা সম্মানিভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ইউনিয়ন পর্যায়ে MIS কার্যক্রম শেষ হয়েছে। ভাতাভোগীদের ভাতা মোবাইল ব্যাংকি 'নগদ' এর মাধ্যমে প্রদানের জন্য ইউনিয়ন ভিত্তিক ভাতাভোগীদের নিজস্ব মোবাইল নম্বরে 'নগদ' অ্যাকাউন্ট খোলার কার্যক্রম চলমান। MIS এ যে সকল ভাতাভোগীর নাম বয়স সংক্রান্ত গড়মিলের কারণে বাদ পড়েছেন তাদের স্থলে নতুন ভাতাভোগীর নাম অন্তর্ভুক্ত করা হবে। নতুন ভাতাভোগী সংশ্লিষ্ট ইউনিয়নে উন্মুক্ত বাছাই করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।	১. ভাতাভোগী 'নগদ' অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে যেন কোনোরূপ হয়রানির স্বীকার না হয় সে বিষয় সতর্ক থাকবে; ২. সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সহযোগিতায় উন্মুক্ত স্থানে ভাতাভোগী যাচাই-বাছাই করে তালিকা প্রণয়ন করবেন।	১. উপজেলা সমাজসেবা অফিসার ২. চেয়ারম্যান, ইউপি (সকল)
১১	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, বিভিন্ন ক্যাটাগরিতে যুবক-যুবতিদের প্রশিক্ষণ এবং ঋণ বিতরণ কার্যক্রম চলছে। অত্র দপ্তরের ঋণ বিতরণ ও আদায়ের হার ১০০% এবং অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে।	ক. আত্মকর্মসংস্থা সৃষ্টির লক্ষ্যে যুব-যুবতীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষিত করতে হবে; খ. ঋণ আদায়ে সর্বোচ্চ আন্তরিক হতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা সমবায় বিভাগ** উপজেলা সমবায় কর্মকর্তা জানান, দপ্তরের অন্যান্য কাজ স্বভাবিকভাবে চলছে। সমবায় সমিতি নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। সমাবয় সমতির ঋণ আদায়ের হার সন্তোষজনক।	দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমবায় অফিসার
১৩	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে বোরহানউদ্দিন উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর কাজ চলমান করয়েছে। তিনি নিম্নলিখিত রাস্তা দুটি নির্মাণের জন্য প্রস্তাব করেন। ১. পীরগঞ্জ মাহফিল মাঠ সংলগ্ন সড়ক নির্মাণ; ২. কুতুবা মাজেদ ডাক্তার বাড়ির রাস্তা নির্মাণ	ক. এডিপি এর বরাদ্দ দ্বারা গৃহীন প্রকল্পের কার্যক্রম নিয়মিত তদারকি করবেন; খ. ১. পীরগঞ্জ মাহফিল মাঠ সংলগ্ন সড়ক নির্মাণ এবং ২. কুতুবা মাজেদ ডাক্তার বাড়ির রাস্তা নির্মাণ প্রকল্প দুটি এডিপি বরাদ্দ দ্বারা কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি)

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১৪	**আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)** সমন্বয়কারী, আবাআখা প্রকল্প সভায় জানান যে, সমিতির সদস্যদের মাঝে বিপুল পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছিল। এ পর্যন্ত বিতরণকৃত ঋণের মধ্যে প্রায় ০৫ (পাঁচ) কোটি টাকা খেলাপী ঋণ রয়েছে। সদস্যদেরকে বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ পরিশোধ করছেন না। প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	ক. আমার বাড়ি আমার খামার প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে মাঠকর্মীদের জোর তাগিদ প্রদান করতে হবে; খ. আগামীতে ঋণ প্রদানের সময় চেয়ারম্যান কর্তৃক ছবি ও জাতীয় পরিচয়পত্র সত্যায়িত করতে হবে; গ. ঋণ অনাদায়ে প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।	১. সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ২. চেয়ারম্যান (ইউপি সকল)
১৫	**প্রাণিসম্পদ অধিদপ্তর** ভেটেরিনারি সার্জন জানান, আগামী মাসে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ মার্চ/২০২১ পালন করা হবে। সকলকে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ মার্চ-২০২১ সফল বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান, গবাদি পশু, হাঁস-মুরগি পালন বিষয়ে প্রাণিসম্পদ দপ্তর সার্বক্ষণিক সেবা প্রদানে প্রস্তুত রয়েছে। ডেইরি ফার্ম, হাঁস-মুরগীর খামার নিয়মিত পরিদর্শন করা হচ্ছে এবং খামারীদের পরামর্শ প্রদান করা হচ্ছে। দাপ্তরি সমস্ত কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে।	ক. প্রাণিসম্পদ বিভাগের স্বাভাবিক কাজের ধারা অব্যাহত রাখতে হবে; খ. যে সকল স্থানে হাঁস-মুরগীর খামার স্থাপনের কারণে জনভোগান্তি সৃষ্টি হচ্ছে তা নিরসণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
১৬	**প্রকল্প বাস্তবায়ন বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, মুজিব বর্ষের গৃহ নির্মাণ ১ম পর্যায়ের কাজ আমরা সঠিকভাবে শেষ করেছি। ইতোমধ্যে নির্মিতব্য মুজিববর্ষের গৃহে ২৮টি দুস্থ, অসবায় পরিবারকে পুনর্বাসিত করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরে ৯টি ইউনিয়নে অতিদরিদ্র কর্মসংস্থান কর্মসূচির ২য় পর্যায়ের কার্যক্রম চলমান রয়েছে। তিনি প্রকল্পের কাজের মান সঠিক রাখার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন।	ক. অতিদরিদ্র কর্মসংস্থান কর্মসূচির ২য় পর্যায়ের কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১৭	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দকৃত গভীর নলকূপের বোরিং ইতোমধ্য সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, মুজিব বর্ষের জন্য নির্মিত ঘরসমূহের সাইটে (কুতুবা ও কাচিয়া) গভীর নলকূপ স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	ক. নলকূপ স্থাপন কাজের গুণগতমান সঠিক রাখতে হবে; খ. নলপূক বোরিং কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে; গ. কুতুবা ও কাচিয়াতে মুজিববর্ষের নির্মাণাধীন ঘরসমূহের সাইটে গভীর নলকূপ স্থাপন করতে হবে।	উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৮	**খাদ্য অধিদপ্তর:** দাপ্তরি সমস্ত কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে।	খাদ্য অধিদপ্তর বিভাগের কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১৯	**বিবিধ** (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের জানুয়ারি ২০২১ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	ক) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে জানুয়ারি-২০২১ মাসের সম্মানিভাতা বাবদ মোট	১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২. উপজেলা নির্বাহী অফিসার ৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
		(নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে নভেম্বর-২০২০ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদিত সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	৪. মহিলা ভাইস চেয়ারম্যান ৫. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল)
	(খ) উপজেলা পরিষদ চত্বরে পরিস্কার পরিচ্ছন্নতা খাত ৯,৪৫০/- টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(খ) উপজেলা পরিষদ চত্বরে পরিস্কার পরিচ্ছন্নতা খাত ৯,৪৫০/- (নয় হাজার চারশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	(গ) উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যানের দপ্তরে ব্যবহারের জন্য ৪টি উন্নতমানের ভিজিট'র চেয়ার কেনার বিষয়ে আলোচনা হয়।	(গ) উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যানের দপ্তরে ব্যবহারের জন্য ৪টি উন্নতমানের ভিজিট'র চেয়ার উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা কেনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ভাউচার দাখিলের পর বিল পরিশোধ করা হবে।	

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং- স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০৬.০০২.২০-১১০

তারিখ: ০৪ মাঘ ১৪৭ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১০. উপজেলা .... কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১২. জনাব .... সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।

১৭/২/২০২১

মো: সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।